আজকের কাগজ

তারিখ 23 MAY 1993
পৃষ্ঠা ২ কলাম ৫

## কারিগরি শিক্ষা বোর্ডের সিদ্ধান্তের জের

# খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটে তালা

**খুলনা অফিস :** গতকাল শনিবার খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটের (কেপিআই) একদল বিক্ষুব্ধ ছাত্র ইন্সটিটিউটের সকল ক্লাস রুম, প্রিন্সিপালের অফিস ও প্রধান ফটকে তালা লাগিয়ে দিয়েছে। এর ফলে কারিগরি শিক্ষাবোর্ডের আওতাধীন সকল বর্ষ ও গ্রুপের মিট (সেমিষ্টার) পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি। পরীক্ষা না হওয়ার ফলে সকল পরীক্ষার্থীর সেমিষ্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। জানা গেছে, ইন্সটিটিউটের ৩৫২ জন ছাত্রছাত্রী ১৯৯২ সনের প্রকৌশল ডিপ্লোমা চূড়ান্ত পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্যে কারিগরি শিক্ষা বোর্ড অকৃতকার্য বলে ঘোষণা করার পর থেকে ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে ওঠে। গত ২৮ এপ্রিল ক্যাম্পাসে এই খবর ছড়িয়ে পড়লে ছাত্ররা প্রতিবাদে ১৬ মে একবার তালা লাগায়। ছাত্ররা বোর্ডের এই সিদ্ধান্তের প্রতিবাদে গত ১৮ মে খুলনা প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলন কর্তৃপক্ষের সিদ্ধান্তটি প্রত্যাহার করার দাবি জানায়। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ তাদের সিদ্ধান্তে অটল থাকায় গতকালের ঘটনা ঘটে।